

প্রিয় পরিবারবর্গ,

আমরা জানি COVID-19-এর সফট এবং স্কুল বছরের দ্বিতীয় অর্ধে দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) এই অপ্রত্যাশিত পরিবর্তনটি, সিটিব্যাপী অনেক পরিবারের জন্য চ্যালেঞ্জ হিসেবে দাঁড়িয়েছে। আমাদের 1.1 মিলিয়ন শিক্ষার্থী, ও স্কুল কর্মী, ও পরিবার যারা তাদেরকে দিনের পর দিন সমর্থন দিচ্ছে, তাদের শক্তি, অধ্যবসায়, এবং উৎসর্গ আমাকে অব্যাহতভাবে অবাধ করছে। এই অনাকাঙ্ক্ষিত সময়ের সাথে সামঞ্জস্য রেখে আমরা প্রতিনিয়ত আমাদের নীতি পরিবর্তন করছি, এবং কিছু কিছু ক্ষেত্রে আমাদের শিক্ষার্থী ও পরিবারদের জন্যে আমরা সম্পূর্ণ নতুনভাবে পুনরাবিষ্কার করছি। আজ আমরা সামার স্কুলের ব্যাপারে কিছু তথ্য শেয়ার করার উদ্দেশ্যে এই চিঠি লিখছি।

ফেডারেল, স্টেট, এবং সিটি হেলথ গাইডলাইনের চলমান নিয়ম অনুযায়ী, আমরা আমাদের সামার স্কুলের মডেলটিকে সামার 2020-এর সাথে মানানসই করছি। এই বছর, আমরা রিমোট লার্নিংয়ের মাধ্যমে সামার স্কুল অফার করবো, যা আমাদেরকে আগের চেয়ে অধিক শিক্ষার্থীকে তাদের চাহিদা অনুযায়ী অ্যাকাডেমিক সহায়তাদানের সুযোগ দেবে এবং এই স্কুল বছরের সাথে পরবর্তী বছরের একটি সেতু গড়বে। অ্যাকাডেমিক শিক্ষানির্দেশনা ছাড়াও, যেসব শিক্ষার্থী এইসব সামার স্কুল প্রোগ্রামে অংশ নেবে তাদের নিজ-গতিতে ভার্চুয়াল ফিল্ড ট্রিপে যাবার এবং দৈনন্দিন সামাজিক-মানসিক শিক্ষণ কর্মকাণ্ড সংশ্লিষ্ট হবার সুযোগও থাকবে।

3-8 গ্রেডের কারা সামার স্কুলে অংশ নিতে পারবে?

3-8 গ্রেডের যেসকল শিক্ষার্থী জুনে প্রমোশন পায়নি তাদের অবশ্যই সামার স্কুলে অংশগ্রহণ করতে হবে। তারাও সোমবার, 13 জুলাই - মঙ্গলবার, 18 অগাস্ট পর্যন্ত, ছয় সপ্তাহ দূর থেকে বা রিমোট শিক্ষানির্দেশনায় অংশ গ্রহণ করবে।

3-8 গ্রেডের কিছু শিক্ষার্থী যারা জুনে প্রমোশন পেয়েছে তাদেরও সামারে বাড়তি অ্যাকাডেমিক সহায়তা লাভের উদ্দেশ্যে তাদের শিক্ষকগণ এই প্রোগ্রামের পরামর্শ দিতে পারেন। তারাও সোমবার, 13 জুলাই - মঙ্গলবার, 18 অগাস্ট পর্যন্ত, ছয় সপ্তাহ দূর থেকে বা রিমোট শিক্ষানির্দেশনায় অংশ গ্রহণ করবে।

আপনার সন্তানের যদি সামার শিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণের আবশ্যিকতা অথবা পরামর্শ থাকে আপনার স্কুল আপনাকে জুনে সেটি জানাবে।

9-12 গ্রেডের কারা সামার স্কুলে অংশ নিতে পারবে?

9-12 গ্রেডের শিক্ষার্থী যারা কোর্স ইন প্রোগ্রেস গ্রেড পায়, অথবা যাদের আগের টার্মে কোনো কোর্সে ফেল করার কারণে আবার ঐ কোর্সটি নেয়া প্রয়োজন, তারা ঐ কোর্সের(গুলির) জন্য ক্রেডিট অর্জন করতে রিমোট ইনস্ট্রাকশনে (দূর থেকে শিক্ষানির্দেশনায়) অংশ নেবে। রিমোট ইনস্ট্রাকশন সোমবার, 13 জুলাই - শুক্রবার, 21 অগাস্ট পর্যন্ত চলবে।

আপনার সন্তানের যদি সামার শিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণের আবশ্যিকতা অথবা পরামর্শ থাকে আপনার স্কুল আপনাকে জুনে সেটি জানাবে।

12-মাসের ইভিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) সার্ভিসযুক্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে কী হবে?

সকল গ্রেডের 12-মাসের IEP-যুক্ত শিক্ষার্থীরা বুধবার, 1 জুলাই - বৃহস্পতিবার, 13 অগাস্ট পর্যন্ত রিমোট সামার প্রোগ্রামে অংশগ্রহণ করবে। সকল শিক্ষার্থী যারা এই পরিষেবা পাচ্ছে অথবা এই পরিষেবার যোগ্য তাদের সাথে তাদের স্কুল শীঘ্রই যোগাযোগ করবে।

আপনার সন্তানের অ্যাকাডেমিক সাফল্যের গুরুত্ব অসীম। সিটিব্যাপী শিক্ষার্থীরা তাদের চাহিদা অনুযায়ী এই সামারে সহায়তা লাভ করুক এই বিষয়টি নিশ্চিত করতে, আমরা বাধ্যতামূলক এবং পরামর্শ প্রদত্ত সামার লার্নিং প্রোগ্রামগুলি প্রদানে আমাদের সকল প্রচেষ্টা চালাচ্ছি এবং আমরা এই বছর কোন ঐচ্ছিক সামার অ্যাকাডেমি এবং স্কুল-ভিত্তিক সমৃদ্ধির প্রোগ্রাম পরিচালনা করছি না। আমরা আগামী সপ্তাহগুলিতে schools.nyc.gov/summer সাইটে আমাদের বিভিন্ন রিসোর্স এবং সামার-নির্দিষ্ট কর্মকাণ্ড শেয়ার করা অব্যাহত রাখবো যাতে সকল শিক্ষার্থী এই সামারে তাদের শিক্ষণে নতুন এবং উদ্দীপনাপূর্ণ উপায় খুঁজে পাওয়া অব্যাহত রাখে।

আমরা সবসময়ই বলছি যে নিউ ইয়র্ক সিটির বিশ্বের সবচেয়ে সেরা শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবার রয়েছে, এবং কোন কিছুই তা পরিবর্তন করতে পারবে না। দিনের পর দিন আপনি তারই প্রমাণ দান চলমান রাখেন। আপনাদেরকে ধন্যবাদ।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন